

উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় কালীগঞ্জ, গাজীপুর ক্ষুদ্র উন্ভাবনী উদ্যোগে/ইনোভেশন আইডিয়া

শিরোনামঃ মানসম্মত মাছের খাদ্য ও পোনা বিক্রেতাদের তালিকা ওয়েবপোর্টালে সংরক্ষনের মাধ্যমে মৎস্য চাষীদের সেবা প্রাপ্তি সহযোগিতা

পটভূমিঃ কালীগঞ্জ উপজেলায় আপাময় জনগোষ্ঠির খাদ্য নিরাপত্তা,পুষ্টির চাহিদা পূরণ ও অর্থনৈতিক উন্নয়নে মৎস্য খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আধুনিক উন্নত উপজেলা হিসাবে কালীগঞ্জ উপজেলাকে প্রতিষ্ঠিত করে মৎস্য খাতকে অধিকতর বিকশিত করার মাধ্যমে মৎস্য সেবা সহজে জনগনের দোরগোড়াং পৌছাতে বিভিন্ন পদক্ষেপ গ্রহন কা হয়েছে। তারই ধারাবাহিকতায় উন্ভাবনী ও জনমুখী মৎস্য সেবা প্রতিষ্ঠা এবং সরকার ও নাগরীকদের মাধ্যে দুরত্ব কমানোর লক্ষ্যে মাছের খাদ্য ও পোনা বিক্রেতাদের তালিকা ওয়েবপোর্টালে সংরক্ষনের মাধ্যমে উপলো মৎস্য কর্মকর্তার কার্যালয় কালীগঞ্জ, গাজীপুর মৎস্য চাষীদের মৎস্য বিষয়ক সেবা সহজীকরণের জন্য উদ্যোগটি গ্রহন করেছে।

২। উদ্যোগটি কেন গ্রহন করা হয়েছেঃ-মাছ চাষের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো গুনগণমান সম্পন্ন মাছের খাদ্য ও পোনা প্রাপ্তি বিদ্যমান অবস্থায় গুনগত মান সম্পন্ন মাছের খাদ্যে ও পোনার উৎস জানতে হলে মৎস্য দপ্তরে যেতে হয় এবং কর্মকর্তা ও কর্মচারীরদের সাথে সাক্ষাতের মাধ্যমে তথ্য পেতে হয়। এ ছাড়া দাপ্তরিক টেলিফোন বা মোবাইল ফোনের মাধ্যমে তথ্য পাওয়ার সুযোগ থাকলে তা দাপ্তরিক নাষার সমূহ মৎস্য চাষীদের কাছে না থাকা, প্রয়োজনের সময় মোবাইল ব্যালেন্স না থাকা এবং অন্যান্য নানান সমস্যার কারণে তা যথাসময়ে পাওয়া সম্ভব হয় না।

উল্লেখিত বিষয় সমূহকে লক্ষ্য করে গুনগত মান সম্পন্ন মৎস্য খাদ্য ও পোনা মাছচাষ কার্যক্রমকে অরো গতিশীল করতে উপজেলা মৎস্য দপ্তর কালীগঞ্জ, গাজীপুর কর্তৃক ওয়েবপোর্টাল মান সম্পন্ন মৎস্য খাদ্য ও পোনা বিক্রেতাদের তথ্য সরবরাহের মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণের উন্ভাবনী ও উদ্যোগটি গ্রহন করা হয়েছে। উদ্যোগটি বাস্তবায়িত হলে কালীগঞ্জ উপজেলার মান সম্মত মৎস্য খাদ্য ও পোনা বিক্রেতাদের তথ্য ওয়েবপোর্টালে সংরক্ষিত থাকবে, যার মাধ্যমে আগ্রহী মৎস্য চাষী তাৎক্ষনিভাবে চাহিদা অনুযায়ী যে কোন স্থান হতে মান সম্মত মাছের খাদ্য ও পোনা সংগ্রহ করতে পাবে।

৩. বাস্তবায়ন প্রক্রিয়াঃ উপজেলা মৎস্য দপ্তর,কালীগঞ্জ, গাজীপুর কর্তৃক নির্ধারিত ফরমেট অনুযায়ী (পরিশিষ্ট –ক) মান সম্মত মৎস্য খাদ্য ও পোনা বিক্রেতাদের তথ্য সংগ্রহ করা যাবে। মান সম্মত মৎস্য খাদ্য বিক্রেতা নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে উত্তম মৎস্য খাদ্য উপকরণ দিয়ে যাতে মৎস্য খাদ্য তৈরী করা হয় সে দিকে নজন দিতে হবে মৎস্য খাদ্যে যাতে পরিমান মত প্রোটিন থাকে সেদিকে নজন রাখতে হবে এবং হ্যাচারি হতে মান সম্মত বুড থেকে পোনা উৎপাদন করা হয়েছে তা নিশ্চিত করতে হবে। বিভিন্ন খাদ্য বাজার হতে সংগ্রহ করে তা পরীক্ষার উদ্যোগ গ্রহন করতে হবে এবং হ্যাচারি গুলোতে নিয়মিত তদারকি করতে হবেঅ। চাষী পর্যায়ে প্রশিক্ষনের ব্যবস্থা করতে হবে। এতে কালীগঞ্জ উপজেলায় মৎস্য উৎপাদন বৃদ্ধি পাবে।

8. লগ ফ্রেইম (Log Frame)

ক্রমিক নং	কার্যক্রম	সময়কাল(২০২৩-২০২৪)					
		নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারী	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল
১.	মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ						
২.	তথ্য যাচাই করণ						
৩.	উপজেলা দপ্তরের ওয়েবপোর্টালে তথ্য আপলোড করণ						

৫ * অফিসে যাতায়তের জন্য মৎস্য চাষীর সময়ের অপচয় হবে না

* আগ্রহী নাগরীরগণের অতিরিক্ত অর্থ ব্যয় হবে না।

*তাৎক্ষণিকভাবে যে কোন স্থান থেকে ওয়েবপোর্টাল হতে মান সম্মত মৎস্য খাদ্য ও পোনা বিক্রেতার তথ্য সংগ্রহ করা যাবে।

* ভাচুয়াল বাজার ব্যবস্থাপনায় মানসম্মত মৎস্য খাদ্য ও পোনা বিক্রেতাদের ওয়েবপোর্টাল অন্যতম তথ্য হিসেবে

কাজ করবে।



মোঃ আবু সামা
উপজেলা মৎস্য কর্মকর্তা
কালীগঞ্জ, গাজীপুর।